QUESTION BOOKLET - A

প্রতিভা অন্বেষা- ২০২৬ (পঞ্চম - দশম)

"শেকড়ের টানে", সুদামপুর (বলাইপণ্ডা) : ময়না : পূর্বমেদিনীপুর

প্রশ্ন পুস্তিকা

তারিখ- ১০ ই অক্টোবর ২০২৬, শনিবার শ্রেণি – সপ্তম

প্রশ্ন সংখ্যা- ৬০ পূর্ণমান – ৬০ সময় - ০১ ঘন্টা ৪৫ মিনিট

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী:-


1. প্রশ্নপত্রটিতে গণিত (ক্র.ন. 01-20), বিজ্ঞান (ক্র.ন. 21 - 40), ইংরেজি (ক্র.ন. 41 - 55), মানসিক দক্ষতা (ক্র.ন.56 - 60), মোট 60 টি বহু নির্বাচনী প্রশ্ন (একটি সঠিক সহ চারটি বিকল্প উত্তর) রয়েছে।
2. সমস্ত প্রশ্ন বাধ্যতামূলক।
3. প্রতিটি প্রশ্নের মান 01। ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্ক নেই।
4. OMR Sheet এ কেবলমাত্র নীল বা কালো বলপেন ব্যবহার করা যাবে। রাফ (Rough) এর জন্য অতিরিক্ত প্রদত্ত সাদা কাগজ ব্যবহার করা যাবে।
5. কেবলমাত্র OMR Sheet পরীক্ষা শেষে ইনভিজিলেটর এর কাছে জমা দেওয়া বাধ্যতামূলক।
6. নমুনা উত্তর মডেল 11 ই অক্টোবর 2026, রবিবার , 6P.M. www.shekarertane.org এ পাওয়া যাবে।
7. নমুনা উত্তর সম্পর্কিত কোন অভিযোগ থাকলে, তা জানাতে পারবে আমাদের ওয়েবসাইট www.shekarertane.org এ (অবশ্যই 13 ই অক্টোবর 2026 মঙ্গলবার , এর মধ্যে)।
8. Final উত্তর মডেল ইং- 16 ই অক্টোবর 2026 শুক্রবার , www.shekarertane.org এ পাওয়া যাবে।
9. পরীক্ষার ফল প্রকাশের তারিখ 10 ই নভেম্বর 2026, মঙ্গলবার । পরীক্ষার ফল জানা যাবে www.shekarertane.org website-এ Roll No + হোয়াটসঅ্যাপ নম্বর
10. যদি দুই বা অধিক ছাত্র-ছাত্রীর প্রাপ্ত নম্বর একই হয়, তবে MAT → MATH → SCIENCE → ENG এই ক্রমেই তাদের ফলাফলের সিরিয়াল নম্বর ধার্য করা হবে।
11. "প্রতিভা অন্বেষা -2027 (পঞ্চম-দশম)" আগামী শিক্ষাবর্ষের 29 /09/ 2027, বুধবার অনুষ্ঠিত হবে (সম্ভাব্য)।

"হে বঙ্গ ,ভাণ্ডারে তব বিবিধ রতন"

-মাইকেল মধুসূদন দত্ত

MATHEMATICS (Sl.No.1 -20)

1. চিত্রে ABllCD, AEllCF, <FCG=90°, <BAC=120°। <ACD = X, <ACF = Y এবং <CAE = Z হলে ; X, Y, Z এর



মান যথাক্রমে -

(A) 30^o,60^o,90^o (B) 60^o,30^o,90^o

(C)60^o,30^o,150^o (D) 30^o,60^o,150^o

2. একটি চতুর্ভুজের তিনটি বাহুর দৈর্ঘ্যের সঙ্গে ক-টি কর্ণের দৈর্ঘ্য প্রদত্ত থাকলে, চতুর্ভুজ অঙ্কন করা সম্ভব হবে ? -[প্রদত্ত তালিকায় কোন কোণের মান দেওয়া নাই]

(A) 1 টি (B) 2 টি (C) 0 টি (D) 1 টি অথবা 2 টি।

3. 15, 16, (17 + x), 34 সমানুপাতী হলে, x-এর মান হয় -

(A) $13\ \frac{1}{4}$ (B) $15\ \frac{7}{8}$ (C) $14\ \frac{7}{8}$ (D) $12\ \frac{3}{8}$

4. 200 টাকার $0.\dot{6}$ অংশের মান, টাকার আসন্নমানে (দুই দশমিক স্থান পর্যন্ত) প্রকাশ করলে হয় -

(A) 133.00 টা.(B) 13.33 টা. (C) 133.34 টা.(D) 133.33 টা.

5. দুটি ত্রিভুজের-(a) অনুরূপ বাহুগুলোর দৈর্ঘ্য সমান হলে, ত্রিভুজদ্বয় সর্বসম।

(b) অনুরূপ কোণগুলির মান সমান হলে, ত্রিভুজদ্বয় সর্বসম নাও হতে পারে।

(c) ক্ষেত্রফল সমান হলে, অবশ্যই সর্বসম হবে।

(d) সর্বসম হলে, অবশ্যই ক্ষেত্রফল সমান হবে।

- প্রদত্ত তথ্যগুলির সাপেক্ষে সঠিক বিকল্পটি নির্বাচন করলে-

(A) a ও b সত্য কিন্তু c ও d মিথ্যা। (B) a, c ও d সত্য কিন্তু b মিথ্যা।

(C) a ও d সত্য কিন্তু b ও c মিথ্যা। (D) a , b ও d সত্য কিন্তু c মিথ্যা।

6. স্তম্ভলেখ বা দ্বি-স্তম্ভলেখ এর সাহায্যে – (a) কোন বিষয় বা ক্ষেত্রের তথ্য জানা যায়

(b) তথ্যের তুলনামূলক বৈশিষ্ট্য লক্ষ্য করা যায় (c) সর্বোচ্চ ও সর্বনিম্ন মান বোঝা যায়

(d) দুটি পরস্পরছেদী অক্ষ থাকে, একটি অনুভূমিকঅক্ষ (Horizontal Axis) এবং একটি উলম্বঅক্ষ (Vertical Axis)।

- প্রদত্ত তথ্যগুলির সাপেক্ষে সঠিক বিকল্পটি নির্বাচন করলে -

(A) a ,b ও c সত্য কিন্তু d মিথ্যা। (B) a, b ,c ,d সত্য।

(C) a ও b সত্য কিন্তু c ও d মিথ্যা। (D) a ও b মিথ্যা কিন্তু c ও d সত্য।

7. কোন ব্যক্তি একটি নির্দিষ্ট দূরত্ব যাওয়ার সময় গতিবেগ 20 কি.মি./ ঘন্টা। আবার [illegible] ফিরে আসার সময় গতিবেগ 30 কি.মি./ ঘন্টা। ঐ ব্যক্তির গড় বেগ-

(A) 25 কি.মি./ ঘন্টা। (B) 24 কি.মি./ ঘন্টা।

(C) 25.5 কি.মি./ ঘন্টা। (D) 24.5 কি.মি./ ঘন্টা।

8. X^P ও X^q এর গুণফল 1 হলে, p ও q এর মধ্যে সঠিক সম্পর্কটি হল-

(A) $p + q = 1$ (B) $pq = 1$ (C) $pq = 0$ (D) $p + q = 0$

9. নিচের জ্যামিতিক চিত্রগুলির মধ্যে যে জ্যামিতিক চিত্রের ঘূর্ণন প্রতিসাম্যের মাত্রা 2 কিন্তু চিত্রটি রৈখিক প্রতিসম নয় , তা হল-

(A) সামান্তরিক (B) আয়তক্ষেত্র (C) সমদ্বিবাহু ত্রিভুজ (D) বৃত্ত।

10. অপর্ণা দিদিমনির বয়স, তার ছেলে সৌজন্য-এর বয়সের তিনগুণ। 6 বছর আগে দিদিমনির বয়স তার ছেলের বয়সের 5 গুন ছিল। দিদিমনি ও তার ছেলের 3 বছর পর বয়সের সমষ্টি হবে -

(A) 48 বছর (B) 51 বছর (C) 54 বছর (D) 57 বছর।


11. 2.85*1 এর '*' চিহ্নিত স্থানের অংকটি কি হলে, একটি পূর্ণবর্গ দশমিক সংখ্যা হবে? -

(A) 0 (B) 2 (C) 4 (D) 6

12. $(x-a)^2 + (y-\frac{1}{a})^2 = 0$ হলে, x ও y এর মধ্যে সঠিক সম্পর্কটি হল-

(A) $\frac{x}{y} = 1$ (B) $x = \frac{1}{y}$ (C) x = 2y (D) x + y = 1

13. প্রদত্তচিত্রে আয়তক্ষেত্র WXYZ-এর ক্ষেত্রফল 1020 বর্গমি. এবং দৈর্ঘ্য XY=34 মি.। বর্গক্ষেত্র PQRS-এর ক্ষেত্রফল 676 বর্গমি.। তিনধারে একই চওড়া বিশিষ্ট রাস্তা থাকলে, রাস্তার চওড়া হয়-



(A) 2 মি. (B) 4 মি. (C) 6 মি. (D) 8 মি.।

14. $x + \frac{2}{x} = 2$ হলে, $\frac{x^2+x+2}{x^2(2-x)}$ -এর মান হয় -

(A) 1.5 (B) 1.0 (C) 0.5 (D) 2.5

15. ($x^4 + x^2 + 1$) -সংখ্যামালাটিকে উৎপাদকে বিশ্লেষণ করলে যে দুটি উৎপাদক (1 ও প্রদত্তসংখ্যামালা ছাড়া) পাওয়া যায়, তাদের অন্তরফল -

(A) 2x (B) -2x (C) $\pm$ 2x (D) $\pm 2(x^2 + 1)$

16. (a) কোন ত্রিভুজের শীর্ষবিন্দুগুলি থেকে বিপরীত বাহুর উপর অঙ্কিত লম্ব তিনটি যে বিন্দুতে পরস্পরকে ছেদ করে, সেই বিন্দুকে ওই ত্রিভুজের লম্ববিন্দু বলে।

(b) কোন ত্রিভুজের শীর্ষবিন্দুগুলি থেকে বিপরীত বাহুর মধ্যবিন্দু পর্যন্ত সরলরৈখিক দূরত্বকে মধ্যমা বলে। ত্রিভুজের মধ্যমা তিনটি সমবিন্দু। মধ্যমা তিনটি যে বিন্দুতে ছেদ করে, তাকে ঐ ত্রিভুজের ভরকেন্দ্র বলে।

(c) কোন ত্রিভুজের দুটি কোণের মান, অপর একটি ত্রিভুজের দুটি কোণের মানের সাথে সমান হলে, উভয় ত্রিভুজের তৃতীয় কোণের পরিমাপ সমান হতে পারে আবার নাও হতে পারে।

(d) কোন সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল = সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফলের অর্ধেক।

প্রদত্ত তথ্যগুলির সাপেক্ষে নিচের সঠিক বিকল্পটি -

(A) a,b,d সত্য কিন্তু c মিথ্যা (B) a,b,c,d সত্য

(C) a,b,c সত্য কিন্তু d মিথ্যা (D) a,c,d সত্য কিন্তু b মিথ্যা।

17. a - (b - c) ; b - (a+c) এবং c - (b - a) -এই তিনটি রাশির-

(A) তিনটি রাশিই পরস্পর অসমান (B) প্রথম ও তৃতীয় রাশি সমান

(C) দ্বিতীয় ও তৃতীয় রাশি সমান (D) তৃতীয় ও প্রথম রাশি সমান।

18. তিনটি গাড়ির গতিবেগের অনুপাত 3:4:5, নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করতে ওই তিনটি গাড়ির যে সময় লাগে তার অনুপাত -

(A) 3:4:5 (B) 5:4:3 (C) 20:15:12 (D) কোনোটিই নয়।

19. কোন একটি বেসরকারি সংস্থা এক কর্মচারীর হিসাবে অসংগতি থাকার কারণে বেতন 20% হ্রাস করল। ওই সংস্থার মালিক পুনরায় ওই কর্মচারীর কাজে সন্তুষ্ট হয়ে পূর্বের বেতন দিতে চাইলে, বেতনবৃদ্ধি করতে হবে -

(A) 20% (B) 22.5% (C) 27.5% (D) 25%

20. একটি মন্দিরের সামনের আয়তাকার চাতালে বর্গাকার টালি বসানোর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সমান ক্ষেত্রফল বিশিষ্ট টালির প্রতিটির ক্ষেত্রফল 0.3 ডেসিমি.বর্গ এবং প্রয়োজনীয় টালির সংখ্যা 2000 টি। আয়তাকার চাতালের একধারের দৈর্ঘ্য 20 ডেসিমি. হলে, চাতালের পরিসীমা হয়-

(A) 29 ডেসিমি. (B) 17.2 মি. (C) 220 ডেসিমি. (D) 58 ডেসিমি.

SCIENCE (Sl. No. 21 – 40) Page -4

21. একটি থার্মোমিটার দিয়ে সবচেয়ে কম উষ্ণতা -1° ও সবচেয়ে বেশি উষ্ণতা 99° মাপা যায়। ওই থার্মোমিটারে 1° করে মোট কয়টি ঘর থাকে ?

(A) 100 (B) 99 (C) 101 (D) 98

22. প্রোটিনের প্রধান উপাদান-

(A) কার্বন (B) নাইট্রোজেন (C) হাইড্রোজেন (D) অক্সিজেন

23. সূচিছিদ্র ক্যামেরার বাক্সের দৈর্ঘ্য বাড়ালে প্রতিকৃতির আকার-

(A) একই থাকে (B) ছোট হবে (C) বড় হবে (D) অদৃশ্য হবে

24. দুধে উপস্থিত শর্করাটি হল-

(A) গ্লুকোজ (B) ল্যাকটোজ (C) সুক্রোজ (D) র‍্যাফিনোজ

25. সবচেয়ে কম শক্তির রশ্মি হল-

(A) X-রশ্মি (B) গামা রশ্মি (C) দৃশ্যমান রশ্মি (D) অতিবেগুনি রশ্মি

26. চামড়া কুঁচকে যায় যে ভিটামিনের অভাবে তা হল-

(A) ভিটামিন A (B) ভিটামিন D (C) ভিটামিন E (D) ভিটামিন K

27. মেরুজ্যোতি বা অরোরা সৃষ্টির কারণ হল-

(A) তড়িতাধান যুক্ত কণিকার সঙ্গে ভূচৌম্বক ক্ষেত্রের ক্রিয়া-প্রতিক্রিয়া

(B) বাতাসে ভাসমান জলকণায় সূর্যের আলোর বিচ্ছুরণ

(C) বাতাসে ভাসমান ধূলিকণায় সূর্যের আলোর বিক্ষেপণ

(D) সূর্য ও চাঁদের আলোর ক্রিয়া-প্রতিক্রিয়া

28. স্থানিক মূল উৎপন্ন হয়-

(A) পর্ব (B) ভ্রূণমূল (C) কাক্ষিক মুকুল (D) ভ্রূণমুকুল - থেকে

29. X-রশ্মি তৈরি করতে ব্যবহার হয়-

(A) সৌরশক্তি (B) বায়ুশক্তি (C) আলোকশক্তি (D) তড়িৎশক্তি

30. ধাবক বা রানার দেখা যায়-

(A) অমরুল (B) আদা (C) আলু (D) কচুরিপানা

31. এক ব্যক্তি পূর্বদিকে 6 km গিয়ে সেখান থেকে উত্তর দিকে 8 km গেলেন। ওই ব্যক্তির সরণ হল-

(A) 10 km (B) 14 km (C) 8 km (D) 20 km

32. নীচের কোনটি কাইরোপ্টেরোফিলি ফুল (chiropterophilous flower)?

(A) কচু (B) সরষে (C) কদম (D) উচ্ছে

33. কোন বস্তুর ওপর সার্বিক বল শূন্য হলে বস্তুটিতে কমপক্ষে প্রযুক্ত বলের সংখ্যা-

(A) 1 (B) 2 (C) 3 (D) 4

34. প্রবাল প্রাচীরের প্রধান উপাদানটি হল-

(A) $NaHCO_3$ (B) CaO (C) $CaCO_3$ (D) $MgSO_4$

35. পদার্থের রাসায়নিক ধর্মের জন্য দায়ী-

(A) প্রোটন (B) নিউট্রন (C) ইলেকট্রন (D) কোনটিই নয়

36. বেলেডোনা গাছ থেকে পাওয়া যায়-

(A) অ্যাট্রোপিন (B) স্ট্রিকনিন (C) কুইনাইন (D) ডাটুরিন

37. ইথিলিনের সংকেত হল-

(A) CH_4 (B) CH_2 (C) C_2H_4 (D) C_2H_2

38. পিঠ ধনুকের মতো বেঁকে যাওয়ার কারণ-

(A) পারদ (B) আর্সেনিক (C) ফ্লুরাইড (D) নাইট্রোজেন

39. সাইলেন্ট স্প্রিং (Silent Spring) যে রাসায়নিক যৌগের উল্লেখ আছে তা হল-

(A) BHC (B) পলিমার (C) DDT (D) ফিনাইল

40. মৃদভেদী অঙ্কুরোদ্গমে, বীজের কোন্ অংশের বেশী বৃদ্ধি ঘটে?

(A) বীজপত্র (B) ভ্রূণমূল (C) ভ্রূণাক্ষ (D) বীজপত্রাবকাণ্ড

ENGLISH (Sl. No. 41 – 55)

41. 'Somehow the river left it behind and you found it.' -- In this line, taken from "The Book of Nature" the word 'it' refers to --

(A) Small stone (B) Pebble

(C) A grain of sand (D) A bit of rock.

42. The word ' outwitted ' in story "The Riddle" , means ___

(A) Befooled (B) Out of wit

(C) Defeated by logic (D) Outfitted.

43. In the poem "We are Seven" when the little maid was answering poet first, she _____ looked at him.

(A) Angrily (B) Sorrowfully

(C) Wondering (D) Spontaneously.

44. The unseen wild beast gave the merchant that night ---

(A) Food and Shelter. (B) Food ; Shelter and Drinks.

(C) Food, Shelter and Comfort (D) All the above.

45. In the story "The Beauty and the Beast" the word 'accord' means ---

(A) Free will (B) String (C) Rope (D) Chain.

46. In the story "Uncle Podger Hangs a Picture", the person who was to hand Uncle Podger up the picture was ----

(A) Will (B) Tom (C) Maria (D) the girl.

47. In the poem "The Vagabond", the word 'heaven' is used ---

(A) Twice (B) Thrice (C) Once (D) Four times.

48. In the story " Mowgli Among the Wolves", the word 'scuttled' means –

(A) Sat down indecently (B) Looked at someone angrily

(C) Defeated by chance (D) Ran with quick short steps.

49. In "The story of Proserpine" Ceres lifted her sad face, weary with _____

(A) ceaseless weeping (B) ceaseless wandering

(C) ceaseless searching (D) ceaseless wondering.

50. Sir J. C. Bose was eventually crowned with glory when he was awarded 'Knighthood' by the British government in _____.

(A) 1916 (B) 1917 (C) 1817 (D) 1816.

51. 'The great Indian scientist was eventually crowned with glory.'-- In this sentence the word 'eventually' is used as an adverb of —

(A) Time (B) Place (C) Manner (D) Frequency.

52. Running a marathon is an extremely _____ experience, leaving athletes drained for days.

[Fill in the blank with appropriate participle adjective.]

(A) tired (B) tire (C) tiring (D) tiredness.

53. More than one focus : _____?

(A) Focusess (B) Focoses (C) Foci (D) Focis.

54. One who feeds on fruits is called _____. Page -7

(A) Frutarian (B) Frutarist (C) Fruitarian (D) Fruitist.

55. "My Diary" is written by —


(A) Anny Frank (B) Anni Frunk

(C) Anne Frunk (D) Anne Frank.

MAT (Sl.No. 56-60)

56. প্রদত্ত চিত্রটির সঠিক দর্পন প্রতিবিম্ব (Mirror Image) কোনটি ?

প্রদত্ত চিত্র দর্পন প্রতিবিম্ব (Mirror Image)



(A) (B) (C) (D)

57. একটি নির্দিষ্ট কোড্ ল্যাঙ্গুয়েজে FIGHT কে লেখা হয় TGHFI, তবে ঐ একই কোডে PAPER কে লেখা হবে -

(A) RPEPA (B) REPPA (C) PEARP (D) PAEPR

58. 1.Printer ; 2.Seller ; 3.Writer ; 4.Editor ; 5. Publisher

প্রদত্ত শব্দগুলিকে একটি অর্থপূর্ণ ক্রমানুসারে সাজালে, নিচের বিকল্পগুলি থেকে সবচেয়ে উপযুক্ত ক্রমটি হয়-


(A) 2,3,4,1,5 (B) 2,4,3,5,1 (C) 3,4,1,5,2 (D) 3,4,2,1,5

59. 12, 14, 15, 16, 18, 20, ?

প্রদত্ত বিকল্পগুলির মধ্য থেকে সেই সংখ্যাটি নির্বাচন কর, যা প্রশ্নবোধক চিহ্নটিকে (?) প্রতিস্থাপন করে-

(A) 21 (B) 22 (C) 23 (D) 24

60. নিম্নে প্রদত্ত ভেন্ চিত্র গুলির মধ্যে কোন্ চিত্রটি পুরুষ (Males), বাবা (Fathers) ও ডাক্তার (Doctors) এর সম্পর্ক উপস্থাপন করে -

(A)  (B)  (C)  (D) 